**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**11 JANUARY 2025** **7:35 AM IST**

=====================================================================

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৭ই ফেব্রুয়ারি আরম্ভ হবে । অধিবেশনের প্রথম দিনের কার্যসূচী কোকরাঝাড়ের বি টি সি ভবনে অনুষ্ঠিত হবে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য গতকাল এই সম্পর্কে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছেন । বাজেট অধিবেশনের প্রথম দিনে রাজ্যপাল আচার্য সভায় ভাষণ দেবেন । রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওগের বাজেট উত্থাপন, বাজেট বিতর্ক সহ অধিবেশনের পরবর্তী দিনগুলির কার্যসূচী দিসপুরের আসাম বিধানসভা ভবনে অনুষ্ঠিত হবে ।

---

উম্রাংশুর তিন কিল'এর কয়লা খনিতে হঠাৎ ঢুকে পড়া জলের জন্য গত সোমবার সংঘটিত দুর্ঘটনার উদ্ধার অভিযানের গতকাল পঞ্চম দিনেও শেষ পাওয়া খবর অনুযায়ী খনির ভিতরে আটকে পড়া শ্রমিকদের সন্ধান পাওয়া যায়নি । এই উদ্ধার কার্যে সহায়তা করার জন্য নাগপুরের পশ্চিম কোল ফিল্ড লিমিটেডের একটি দলও উম্রাংশুতে এসে উপস্থিত হয়েছেন । দলটি অত্যাধুনিক জল নিষ্কাষণ যন্ত্রের মাধ্যমে প্রতি মিনিটে ৫০০ গ্যালন জল সেঁচার কাজ অব্যাহত রেখেছেন । নৌসেনা বাহিনী, এন ডি আর এফ, এস ডি আর এফ, কোল ইন্ডিয়া লিমিটেডের উদ্ধারকারী বাহিনী এবং জেলা

প্রশাসন একযোগে প্রচেষ্টা চালানোর পরও কয়লা খনিটিতে জলের পরিমাণ হ্রাস করা সম্ভব হয়নি বলে উদ্ধার অভিযান তদারক করা জনৈক উচ্চপদস্থ আধিকারিক জানিয়েছেন । এদিকে ডিমা-হাসাও পুলিশ গতকাল অবৈধ কয়লা খনিটির শ্রমিকদের সর্দার বলে পরিচিত হান্নান লস্কর নামের একজন লোককে গ্রেপ্তার করেছে । এনিয়ে এই ঘটনায় এপর্যন্ত দুজনকে আটক করা হয়েছে । অন্যদিকে কংগ্রেস সহ বেশকয়েকটি বিরোধী দল উম্রাংশুর খনি দুর্ঘটনার প্রকৃত তথ্য সরকার দেয়নি বলে অভিযোগ তুলেছে এবং এই ঘটনার বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন সাধারণতন্ত্র দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্দেশ্যে জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে ।  জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় এবছর সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান করিমগঞ্জ সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এছাড়া সভায় সাধারণতন্ত্র দিবসের আগে শ্রীভূমি শহরে সাফাই অভিযান জোরদার করতে পৌরসভার কার্যবাহী আধিকারিককে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

পঞ্চায়েত ও গ্রামোন্নোয়ন বিভাগের অধীনে আসাম রাজ্য গ্রামীণ জীবিকা মিশন জেলা মিশন ব্যাস্থাপনা ইউনিটের দ্বারা শিলচর ইটখলা বাজারের কাছে কমিউনিটি পরিচালিত  অসমী ভোগালী মেলার গতকাল উদ্বোধন করা হয়েছে । আগামীকাল অর্থাৎ ১২ জানুয়ারী পর্যন্ত চলা এই মেলায় কাছাড় জেলার ১৫ টি উন্নয়ন খন্ডের দুটি করে স্ব-নির্ভর গোষ্ঠীর সদস্যরা তাদের তৈরি বিভিন্ন খাদ্য ও অন্যান্য সামগ্রীর প্রদর্শন ও বিক্রয় করছেন ।কাছাড়

জেলা পরিষদের প্রধান নির্বাহী আধিকারিক প্রণব কুমার বরা একথা জানিয়েছেন ।

---

বরাক উপত্যকার বিশিষ্ট লেখক, গবেষক ,সাংবাদিক, আইনজীবি, ইমাদ উদ্দিন বুলবুলের মৃত্যুতে নাগরিক অধিকার রক্ষা কমিটি আসাম  শোক প্রকাশ করেছে । কমিটির পক্ষ থেকে মূখ্য উপদেষ্টা আইনজীবি হাফিজ রশিদ আহমেদ চৌধুরী ,সভাপতি নৃপেন্দ্র চন্দ্র সাহা , সচিব সাধন পুরকায়স্থ শোক ব্যাক্ত করে তাঁর মৃত্যু অপূরণীয় ক্ষতি বলে উল্লেখ করেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন । উল্লেখ্য ইমাদুদ্দিন বুলবুল গতকাল সন্ধ্যায় হৃদরোগে আক্রান্ত হয়ে শিলচরের একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন ।আজ দুপুরে তাঁর জানাজার নামাজ অনুষ্ঠিত হবে ।

---

মণিয়ারখালের বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন বাণীশক্তি ক্লাবের উদ্যোগে আগামীকাল বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে জাতীয় যুব দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে আগামীকাল সকাল ৯টায় স্বামীজির প্রতিকৃতিতে মাল্যদান করা সহ একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করবে । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি  জেলায় নিয়মিত টীকাকরন থেকে বাদ পড়া শিশুদের জন্য আগামী ১৭ই জানুয়ারী থেকে জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে বিশেষ টীকাকরন অভিযান শুরু করা হবে । জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে পাঁচ বছর বয়স পর্য্যন্ত শিশুদের এই টীকাকরনের উদ্দেশ্যে পোর্টাল u-win

- এ রেজিষ্ট্রেশন করতে স্বাস্থ্য বিভাগ থেকে আবেদন জানানো হয়েছে । উল্লেখ্য এই অভিযান আগামী ২৫শে জানুয়ারী পর্য্যন্ত চলবে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় বির্পযয় মোকাবিলায় প্রশাসনিক প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী ১৭ ও ১৮ই জানুয়ারী দু দিনের মক ড্রিল ও কর্মশালা অনুষ্ঠিত হবে । হাইলাকান্দি শহরের টাউন হলে আগামী ১৭ই জানুয়ারী প্রশাসনের আধিকারীকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে । আগামী ১৮ই জানুয়ারী আলগাপুরের আব্দুল লতিফ কলেজ , মইনূল হক চৌধুরী সায়েন্স কলেজ এবং বোয়ালিপারের শশীভূষন ইনস্টিটিউট অব এডুকেশনের প্রাঙ্গন স্থলে মক ড্রিল অনুষ্ঠিত হবে । উল্লেখ্য মক ড্রিলে ভূমিকম্প ও অগ্নিকান্ডের মহড়া অনুষ্ঠিত হবে ।

---